খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

ভর্তি বিজ্ঞপ্তি

স্নাতক লেভেল-১ সেমিস্টার-১

শিক্ষাবর্ষ : ২০১৮-২০১৯

স্মারক নং- খুকৃবি/রেজি.কার্যা/শিক্ষা/ভর্তি পরীক্ষা-২০১৯/২/২০১৯/৩০ তারিখঃ ১৫-০২-২০১৯ খ্রিঃ

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় (খুকৃবি), খুলনা-এ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ২টি অনুষদে স্নাতক (লেভেল-১ সেমিস্টার-১) শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তি ইচ্ছুক প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইন (Online) এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.kau.edu.bd এ ভর্তি সংক্রান্ত সকল তথ্যাদি পাওয়া যাবে।

১. অনুষদ ভিত্তিক কোর্সের মেয়াদ ও আসন সংখ্যা

অনুষদের নাম	ডিগ্রির নাম	কোর্সের মেয়াদ	শিক্ষার মাধ্যম	আসন সংখ্যা	মোট
ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিক্যাল সায়েন্সেস	বি.এসসি ভেট.সায়েন্স অ্যান্ড এ.এইচ	৫ বছর	ইংরেজি	৩০	৬০
কৃষি	বি.এসসি.এজি. (অনার্স)	৪ বছর		৩০	

মুক্তিযোদ্ধা ৩জন, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ১জন, অন্যান্য অঞ্চলের উপজাতি (বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চল ব্যতীত) ১জন এবং বিকেএসপি ১জন হিসেবে কোটা সংরক্ষণ করা হবে।

২. ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা

২.১ বিজ্ঞান গ্রুপে ২০১৬ সনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় এবং ২০১৮ সনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উভয়ক্ষেত্রে ৪র্থ বিষয় ব্যতীত মোট জিপিএ ৭.০; তবে এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় প্রতিটিতেই ৪র্থ বিষয় ব্যতীত ন্যূনতম জিপিএ ৩.৫ থাকতে হবে। উল্লিখিত যোগ্যতা (জিপিএ) সাপেক্ষে ২০১৫ সনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান এবং ২০১৭ সনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে।

২.২ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান এবং উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমান পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন, জীববিদ্যা ও গণিত (এসএসসি'র ক্ষেত্রে সাধারণ গণিত) বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ এবং ইংরেজিতে ২.০ থাকতে হবে।

৩. ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া

৩.১ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ১৮ ফেব্রুয়ারি ২০১৯ হতে ৩ মার্চ ২০১৯ তারিখ পর্যন্ত খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.kau.edu.bd) গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে, তবে আবেদন ফি ৪ মার্চ ২০১৯ রাত ১২:০০ পর্যন্ত জমা দেয়া যাবে।

৩.২ ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক এসএসসি ও এইচএসসি এর পাসের সন, বোর্ড, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, মোবাইল নম্বর (নিজের বা অভিভাবকের) এবং অনুষদ পছন্দক্রমসহ অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে, নির্ধারিত স্থানে ১৮০x২৪০ পিক্সেলের অনুর্ধ ২০০ KB এর রঙিন ছবি (JPG format) আপলোড করে Submit করতে হবে। অনুষদ পছন্দক্রম কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ সাপেক্ষে আবেদনকারীর জন্য একটি Application ID তৈরি হবে যা আবেদনকারীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। উক্ত Application ID টি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে।

৩.৩ **আবেদন ফি প্রদানের নিয়মাবলি**

Rocket মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি পরীক্ষার ফি বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) প্রদান করতে হবে। পেমেন্ট করার পদ্ধতি :

Rocket একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:
ডায়াল *৩২২# → "১ ডায়াল করে Bill Pay অপশন সিলেক্ট করুন → নিজের একাউন্ট থেকে Payment করতে চাইলে "১ ডায়াল করে Self" অপশন সিলেক্ট করুন এবং অন্যের একাউন্ট থেকে Payment দিতে চাইলে "২ ডায়াল করে Other" অপশন সিলেক্ট করে Enter Payer Mobile No. এর স্থলে আবেদনকারীর মোবাইল নাম্বার টাইপ করুন → খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের বিল প্রদান করতে "0" ডায়াল করুন → Enter Biller ID. এর স্থলে **'205'** টাইপ করুন → Enter Bill Number এর স্থলে অবশ্যই Application ID No. টি টাইপ করুন → Enter Amount **750** Tk.(সার্ভিস চার্জসহ) → Enter PIN এর স্থলে Customer এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং Account এর PIN নম্বর টাইপ করুন → রকেট কর্তৃক Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে।

Payment প্রদানে কোন সমস্যা হলে তা সমাধানের জন্য Transaction ID টি উল্লেখ করে admission@kau.edu.bd এ যোগাযোগ করতে হবে। Payment সঠিকভাবে সম্পন্ন হলে আবেদনকারী মোবাইল ফোনে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস পাবে অথবা ২৪ ঘন্টা পরে ওয়েবসাইটে (www.kau.edu.bd) Login করে payment status check করা যাবে।

৩.৪ Application ID ভুলে গেলে ওয়েবসাইটে (www.kau.edu.bd) এসএসসি ও এইচএসসি পরীক্ষার বোর্ড, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাশের সন Input দিলে পাওয়া যাবে।

৩.৫ **প্রবেশপত্র Download:** আগামী ৫ মার্চ ২০১৯ হতে ৭ মার্চ ২০১৯ তারিখ পর্যন্ত যে কোন সময়ে খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.kau.edu.bd এ গিয়ে প্রবেশপত্র Download করে A4 সাইজের কাগজে দুইকপি রঙিন প্রিন্ট করে প্রবেশপত্রের নির্ধারিত স্থানে পরীক্ষার্থীকে স্বাক্ষর দিতে হবে এবং স্বাক্ষরযুক্ত একটি কপি পরীক্ষার দিন সংশ্লিষ্ট হল পরিদর্শকের নিকট জমা দিতে হবে। অন্যথায় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৩.৬ কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে আবেদন ফরম পূরণ করার সময় নিম্নলিখিত রেকর্ডপত্রের Softcopy/Scancopy ওয়েবসাইটে Upload করতে হবে, অন্যথায় তাদের কোটায় ভর্তির আবেদন বিবেচিত হবে না।

ক) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র।

খ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের মুক্তিযোদ্ধার সাথে পারিবারিক সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানা ভিন্ন হলে ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্র। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।

গ) বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি আবেদনকারীকে স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্র।

ঘ) বিকেএসপি কোটায় আবেদনকারীকে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) হতে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় পাস করতে হবে এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৩.৭ ইংরেজি প্রশ্নপত্রে পরীক্ষা দিতে ইচ্ছুক প্রার্থীকে অনলাইন রেজিস্ট্রেশনের সময় নির্ধারিত Option এ গিয়ে English নির্বাচন করতে হবে।

৩.৮ ভর্তি পরীক্ষার আসন বিন্যাস www.kau.edu.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে ও আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে যথাসময়ে জানিয়ে দেয়া হবে।

৩.৯ ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে জানতে হলে মোবাইল নং 01725646298 (Helpline), 01711341261, 01309000313, 01673782455 অথবা ই-মেইল: admission@kau.edu.bd এ যোগাযোগ করা যাবে।

৩.১০ ভর্তি ইচ্ছুক বিদেশি প্রার্থীগণ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করতে পারবে।

৪. ভর্তি পরীক্ষার পদ্ধতি

৪.১ উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যক্রম অনুসরণে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ও ইংরেজি বিষয়গুলোর উপর বহুনির্বাচনী (MCQ) পদ্ধতিতে ১০০ নম্বরের ১(এক) ঘণ্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পৃথক নির্দিষ্ট উত্তরপত্রে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে বৃত্ত ভরাট করে প্রশ্নের উত্তর দিতে হবে যা অপটিক্যাল মার্ক রিডার (OMR) দ্বারা মূল্যায়ন করা হবে।

৪.২ ভর্তি পরীক্ষার নম্বর বন্টন: পদার্থবিদ্যা ২০, রসায়ন ২০, গণিত ২০, উদ্ভিদবিদ্যা ১৫, প্রাণিবিদ্যা ১৫, ইংরেজি ১০; মোট ১০০ নম্বর।

৪.৩ সাধারণ ঘড়ি ও ওয়েব সাইট/প্রবেশপত্রে উল্লিখিত মডেলের ক্যালকুলেটর ব্যতীত মোবাইল ফোন বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস সাথে নিয়ে ভর্তি পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

৫. রেজিস্ট্রেশন, ভর্তি পরীক্ষা গ্রহণ, ফলাফল প্রকাশ এবং ভর্তি সংক্রান্ত তারিখ ও সময়

বিষয়	তারিখ, বার ও সময়
অনলাইন (Online) এ আবেদন	১৮ ফেব্রুয়ারি ২০১৯, সোমবার হতে ০৩ মার্চ ২০১৯, রবিবার (ছুটির দিনসহ দিন-রাত ২৪ ঘন্টা)
ভর্তি পরীক্ষা	৯ মার্চ ২০১৯, শনিবার সকাল ১১:০০ ঘটিকা হতে ১২:০০ ঘটিকা পর্যন্ত
ফলাফল প্রকাশ	১১ মার্চ ২০১৯, সোমবার (ফলাফল **www.kau.edu.bd** ওয়েবসাইটে প্রকাশ করা হবে)
মেধা তালিকা হতে ভর্তি	১৩ মার্চ ২০১৯, বুধবার সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত
অপেক্ষমান তালিকা হতে ভর্তি	১৪ মার্চ ২০১৯, বৃহস্পতিবার সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত
শিক্ষা কার্যক্রমের উদ্বোধন	১৭ মার্চ ২০১৯, রবিবার

৬. প্রার্থী বাছাই ও ভর্তি প্রক্রিয়া

৬.১ **মেধা স্কোরঃ** মোট ২০০ নম্বরের ভিত্তিতে মেধা স্কোর তৈরি করা হবে। লিখিত নির্বাচনী পরীক্ষার জন্য ১০০ নম্বর, এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল থেকে ৪০ নম্বর ও এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফল থেকে ৬০ নম্বর গণনা করা হবে। গ্রেডিং পদ্ধতিতে ৪র্থ বিষয় বাদে এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুণ এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুণ নম্বর ভর্তি পরীক্ষার নম্বরের সাথে যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে।

৬.২ লিখিত পরীক্ষার পাস নম্বর ৪০। কোটায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে মেধা তালিকা থেকে পূরণ করা হবে।

৬.৩ প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (শূন্য দশমিক দুই পাঁচ) নম্বর কর্তন করা হবে।

৬.৪ (ক) ভর্তির সময় নির্বাচিত প্রত্যেক প্রার্থীকে অবশ্যই জন্মনিবন্ধন সনদ, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি ও এইচএসসি পাসের মূল গ্রেডসিট, প্রশংসাপত্র এবং সনদপত্রের মূল কপি জমা দিতে হবে।

(খ) মেডিক্যাল অফিসারের নিকট থেকে শারীরিক সুস্থতার সন্তোষজনক সনদপত্র ভর্তির সময় জমা দিতে হবে। অন্যথায় প্রার্থীকে ভর্তির অযোগ্য বলে গণ্য করা হবে।

(গ) বর্তমানে বিশ্ববিদ্যালয়ের আবাসিক সুবিধা না থাকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।

(ঘ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোন শর্ত/নিয়ম সংশোধন, সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

৬.৫ ভর্তি বিজ্ঞপ্তি, ভর্তি পরীক্ষার ফলাফল এবং ভর্তি সংক্রান্ত সকল তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং www.kau.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৬.৬ প্রার্থী কোনরূপ ভুল বা অসঙ্গতিপূর্ণ তথ্য প্রদান করলে ভর্তি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে অথবা পরবর্তী সময়ে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৬.৭ ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(ডা. খন্দকার মাজহারুল আনোয়ার)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা